দৈনিক সংবাদ

তারিখ 03 JAN 1994
পৃষ্ঠা 4 কলাম 5

04

# ফেনীতে প্রতিবন্ধী স্কুল ।। একটি প্রশংসনীয় উদ্যোগ

ফেনী, ২রা জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- ফেনীস্থ বাংলাদেশ মানসিক প্রতিবন্ধী কল্যাণ ও শিক্ষা সমিতি এক প্রশংসনীয় উদ্যোগ হাতে নিয়েছে। সমিতি মানসিক প্রতিবন্ধী ছেলে-মেয়েদের শিক্ষার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার লক্ষ্যে এখানে একটি প্রতিবন্ধী স্কুল স্থাপন করেছে। মাত্র ৬ জন প্রতিবন্ধী নিয়ে এ স্কুলের যাত্রা শুরু হলেও বর্তমানে ছাত্র-ছাত্রী সংখ্যা দাঁড়িয়েছে ৪৫। গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সমিতির উদ্যোগে গত ৩১শে ডিসেম্বর অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক মানের এক সেমিনার। সেমিনারে অংশ নেন সমিতির এশিয়ান প্রধানসহ তিন নরওয়ে প্রতিনিধি।

'৮৭ সালের ২৪শে ডিসেম্বর বাংলাদেশ মানসিক প্রতিবন্ধী কল্যাণ ও শিক্ষা সমিতির ফেনী শাখা গঠিত হয়। তখন থেকেই এ কল্যাণ সমিতি প্রতিবন্ধীদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার প্রচেষ্টা শুরু করে। গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা-সেমিনার করা হয় মাসে কমপক্ষে ৩/৪ বার। ফলে অভিভাবকরা উদ্বুদ্ধ হন, ছেলে-মেয়েদের প্রতিবন্ধী স্কুলে নিয়ে আসে। এরই মধ্যে প্রতিবন্ধী স্কুলের দু'টি মেয়ের বিয়ে হয়েছে। তাঁরা স্বাভাবিক জীবনযাপন করছে। দু'জন ব্যবসা ও চাকরি করছে। ৪৫ জন ছাত্র-ছাত্রীর মধ্যে বর্তমানে বেশিরভাগ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীই অনেকটা স্বাভাবিক আচরণ করছে বলে স্কুলসূত্রে জানা গেছে।

মানসিক প্রতিবন্ধী কল্যাণ ও শিক্ষা সমিতি গত ১৯৯২-৯৩ সালে ফেনী শহর ও শহরতলীর ১৮ হাজার ৩শ' ৭৪টি পরিবার জরিপ করে ১শ' ৫৫ জন প্রতিবন্ধী ছেলে-মেয়ে খুঁজে পায়। যাদের বেশিরভাগই অবহেলিত ও নিগৃহীত জীবনযাপন করছে। তাদের সাথে পরিবার ও সমাজের মানুষজন (অধিকাংশ ক্ষেত্রে) খারাপ ব্যবহার করছে। তাদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে প্রতিবন্ধী কল্যাণ সমিতি একটি কর্মসূচী হাতে নিতে যাচ্ছে। এ উদ্দেশ্যে গত ৩১শে ডিসেম্বর ব্যাপক আকারে প্রতিবন্ধী কল্যাণ সমিতি এক সেমিনারের আয়োজন করে। ফেনী শহীদ জহির রায়হান হলে অনুষ্ঠিত দিনব্যাপী এ সেমিনারে নরওয়ের দু'জন প্রতিনিধিও অংশ নেন।



*ফেনী : সেমিনারে বক্তব্য রাখছেন ভিভি বড়ুয়া, নূরুল হক, আবদুস সামাদ, সমীর কর (মাঝে) সেমিনারে অংশগ্রহণকারীদের একাংশ (ডানে) জন কার্ল হার্নলেস, ইফতেখার আহমদ, মোয়াজ্জেম হোসেন।* —সংবাদ